

৪



**মেডিক্যাল  
কলেজগুলোতে  
১৯২টি আসন  
শূন্য থাকল**

( মিটফোর্ড রিপোর্টার )

দেশের ৮টি মেডিক্যাল কলেজে চলতি শিক্ষাবর্ষের (১৯৮৬-৮৭) প্রথম বর্ষ এমবিবিএস ক্লাসে ১৯২টি আসন শূন্য রয়েছে। শূন্য আসনসমূহে অল্প ছাত্রছাত্রী ভর্তি করা হবে না। মেডিক্যাল কলেজসমূহে ভর্তির জন্য গত মঙ্গলবার ছিল সর্বশেষ তারিখ।

প্রতিটি মেডিক্যাল কলেজে ১ম বর্ষ ক্লাসের আসনসংখ্যা রয়েছে ১৫০টি। তার মধ্যে ঢাকা মেডিক্যাল কলেজে ৩১, স্যার সালিমুল্লাহ মেডিক্যাল কলেজে ২৭, চট্টগ্রাম মেডিক্যাল কলেজে ২০, শেষ পূঃ ৩-এর কঃ দঃ

**শূন্য থাকল**

(প্রথম শ্রু পর)

ময়মনসিংহ মেডিক্যাল কলেজে ৩১, রাজশাহী মেডিক্যাল কলেজে ২২, শেরেবাংলা মেডিক্যাল কলেজে ১৭, সিলেট মেডিক্যাল কলেজে ২৭ ও রংপুর মেডিক্যাল কলেজে ১৭টি আসন শূন্য রয়েছে।

৮টি মেডিক্যাল কলেজের মোট ১২শ আসনের অর্ধেক জাতীয় মেধা ভিত্তিতে এবং বাকী অর্ধেক জেলা ভিত্তিক মেধা ভিত্তিতে ছাত্র ভর্তির ভার জন্য মনোনীত করা হয়।

ময় ১শ নম্বরের লিখিত পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি করা হয়েছে। ৮৬ নম্বর পেয়ে দেবানন্দ সরকার প্রথম হয়েছে। জাতীয় মেধা তালিকার সর্বনিম্ন নম্বর ছিল ৬৬ দশমিক ৪২।

ভর্তি পরীক্ষার অংশ নেয় ১১ হাজার ৭১১ জন। ভর্তি হয়েছে মোট ১ হাজার ৮ জন। তার মধ্যে ৬৫৫ জন ছাত্র এবং ৩৫৩ জন ছাত্রী।

উল্লেখ্য, অন্যান্য বছর মেডিক্যাল কলেজসমূহের শূন্য আসনে ছাত্রছাত্রী ভর্তির জন্য ওয়েটিং লিস্ট দেয়া হত। চলতি শিক্ষাবর্ষ থেকে এই নিয়ম বাতিল করা হয়েছে।